

International Lusophone Festival, Goa (December 03-06, 2022)

November 29, 2022

আন্তর্জাতিক লুসোফোন উৎসব (ডিসেম্বর 03-06, 2022) নভেম্বর 29, 2022

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রক(এমইএ) ইন্ডিয়ান কাউন্সিল ফর ইন্টারন্যাশনাল রিলেশন (আইসিসিআর) এবং গোয়া সরকারের সাথে একযোগে আগামী 03-06 ডিসেম্বর 2022 -এ গোয়াতে লুসোফোন উৎসবের আয়োজন করেছে। লুসোফোন জগতের সাথে আরও সংযোগ তৈরি করার উদ্দেশ্যে এই উৎসবের আয়োজন।

লুসোফোন জগতের সাথে গোয়ার একটি ঐতিহাসিক সম্পর্ক রয়েছে, যেটি প্রতিপালিত হয়েছে ওরিয়েন্ট ফাউন্ডেশন এবং দ্য ক্যামোয়েস ইনস্টিটিউটের মত পোর্তুগীজ সাংস্কৃতিক প্রতিষ্ঠান গুলির মাধ্যমে, যারা ভারতে পোর্তুগীজ ভাষা এবং সংস্কৃতির প্রচার করে থাকে। এটি সিপিপিপি সদস্য দেশগুলির সাথে আমাদের অর্থনৈতিক, সাংস্কৃতিক সহযোগিতা এবং জনগণের সাথে জনগণের সম্পর্ককে আরও গভীর করে দেবে।

আন্তর্জাতিক লুসোফোন উৎসবটি 03 ডিসেম্বর 2022 তারিখে দরবার হল-এ গোয়ার মুখ্য মন্ত্রী শ্রী প্রমোদ সাওয়ন্ত উদ্বোধন করবেন। বিদেশ ও সাংস্কৃতিক প্রতিমন্ত্রী শ্রীমতী মীনাক্ষী লেখি সমালীয়া অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

উৎসবের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে সিপিপিপি দেশগুলি(প্রায় 70জন শিল্পী) থেকে সফররত সাংস্কৃতিক দলগুলির অনুষ্ঠান । যেগুলি গোয়ার বিভিন্ন জায়গায় অনুষ্ঠিত হবে। অন্যান্য গুলির মধ্যে মূলতঃ স্থানগুলি হল ইসিজি কমপ্লেক্স, আজাদ ময়দান, সংস্কৃতি ভবন, ইন্সটিটিউট মেনেজেস ব্রাগাজা। উৎসবের অঙ্গ হিসেবে শিল্পি ও স্বেচ্ছাসেবীদের জন্য লুসোফোন সঙ্গীতের উপরে কর্মশালা, ঐতিহাসিক নথির ফটোকপি উপরে কর্মশালা ও প্রদর্শনী, অনুপম গোয়ান স্থাপত্য, গোয়ার হস্তশিল্প ও আসবাবের আয়োজন করা হয়েছে। উপরন্তু, লুসোফোন খাদ্য ও পানীয় ভারত এবং লুসোফোন জগতের মধ্যে রন্ধনশীল্লের সংযোগকে প্রদর্শন করবে।

“ইন্ডিয়াস আউটরিচ টু দ্য গ্লোবাল সাউথ-এক্সপ্লোরিং উইথ সিপিপিপি” এবং “ইন্ডিয়া-লুসোফোন হিস্টোরিক্যাল লিংকেজসঃ রেট্রোস্পেক্ট অ্যান্ড প্রসপেক্ট” মূলভাবের উপরে রাউন্ড টেবিল আলোচনা শুধুমাত্র ভারতের বিদ্যমান এবং

ঐতিহাসিক লুসোফোন সংযোগকেই অন্বেষণ করবে না বরং ভবিষ্যতের সম্পৃক্ততার জন্য এগিয়ে যাবার পথেরও আলোচনা করবে।

লুসোফোন কমনওয়েলথ (কমিউনিদাদে লুসোফোনা) নামে পরিচিত পোর্তুগীজ ভাষার দেশগুলির সম্প্রদায় (কমিউনিদাদে ডস প্যাইসেস দে লিঙ্গুয়া পোর্তুগীজা) হল, 17ই জুলাই 1996 সালে লিসবনে প্রথম সিপিলিপি রাষ্ট্র প্রধানদের এবং সরকারের শীর্ষ সন্মেলনে প্রতিষ্ঠিত একটি বহুপাক্ষিক ফোরাম। প্রতিষ্ঠাতা সদস্য দেশগুলি ছিল আঙ্গোলা, ব্রাজিল, কাবো ভার্দে, গিনিয়া বিসায়ু, মোজাম্বিক, পোর্তুগাল ও সায়ে তোমে এবং প্রিন্সিপি; টিমোর লেস্টে এবং ইকুয়াটোরিয়াল গিনিয়া পরবর্তীকালে যোগদান করেছিল। চারটি বিভিন্ন মহাদেশ ব্যাপী (আফ্রিকা, ল্যাটিন আমেরিকা, এশিয়া এবং ইউরোপ) নয়টি লুসোফোন দেশে প্রায় 300 মিলিয়ন লোকের বাস। ভারত একজন সহকারী পরিদর্শক দেশ হিসেবে সিপিলিপিতে 2021 সালে যোগদান করেছিল। সিপ[ইলিপিতে যোগদানের পরে পরেই সিপিলিপি সাথে সম্পর্কের অঙ্গ হিসেবে বিদেশ মন্ত্রক 2022সালের 5 ই মে-তে দিল্লিতে বিশ্ব পোর্তুগীজ ভাষা দিবসের উদযাপন করেছিল। সম্পর্ককে আরও এগিয়ে নিয়ে যাবার প্রচেষ্টার একটা অঙ্গ হিসেবে এই উৎসবের আয়োজন।

নিউ দিল্লি

নভেম্বর 29, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.